

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-২ শাখা
www.powerdivision.gov.bd



নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৪২.০৮.০০০১.২৬-৩৭০

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

বিষয়: জনাব এস.এম. সানজাদ লুমেন, নির্বাহী প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন এন্ড টেস্টিং কমিশনিং দপ্তর, বাবিউবো, ঢাকা-এর Swinburne University of Technology, Melbourne, Australia-এ Doctor of Philosophy (PhD) কোর্সে অধ্যয়নের নিমিত্ত শিক্ষা ছুটি (Study Leave) নামঞ্জুর।

সূত্র : বাবিউবোর স্মারক নম্বর-২৭.১১.০০০০.২১০.০১.৮১১.১৭-২৮১, তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকরি বিধিমালা, ১৯৮২ এর ৫০(৪) অনুচ্ছেদ অনুযায়ী একজন নিয়মিত কর্মকর্তার অনুকূলে গড় বেতনে অথবা অর্ধ গড় বেতনে অথবা বিনা বেতনে অসাধারণ ছুটির সমন্বয়ে শিক্ষা ছুটি মঞ্জুর করা যাবে, তবে কোনো অবস্থাতেই একনাগাড়ে ২ (দুই) বছরের বেশি শিক্ষা ছুটি দেওয়ার সুযোগ নেই। কিন্তু বাবিউবো হতে প্রেরিত প্রস্তাবে উক্ত পিএইচডি কোর্সের মেয়াদ কমপক্ষে ৪ (চার) বছর মর্মে উল্লেখ রয়েছে। ইতঃপূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ের “জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩” অনুসরণপূর্বক পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য শিক্ষা ছুটি মঞ্জুর করা হলেও জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৯.০৭.২০২৫ তারিখের ১৯৭ সংখ্যক পত্রের মাধ্যমে জানা যায় উক্ত নীতিমালা বাবিউবোর ক্ষেত্রে প্রযোজ্য নয় (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, জনাব এস. এম. সানজাদ লুমেন, নির্বাহী প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন এন্ড টেস্টিং কমিশনিং দপ্তর, বাবিউবো, ঢাকা-এর Swinburne University of Technology, Melbourne, Australia-এ Doctor of Philosophy (PhD) কোর্সে অধ্যয়নের নিমিত্ত তার অনুকূলে চাহিত (০১.১০.২০২৬ হতে ৩০.০৯.২০২৮ তারিখ পর্যন্ত) মোট ২ (দুই) বছরের শিক্ষা ছুটি (Study Leave) নির্দেশক্রমে নামঞ্জুর করা হলো।

০৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

মোঃ মাহদুর রহমান

উপসচিব

ফোন: ০২-২২৩৩৮৮০৫৯

Email: admin-2@pd.gov.bd

চেয়ারম্যান (গ্রেড-১)

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো), ঢাকা।

নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৪২.০৮.০০০১.২৬-৩৭০

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

০২। প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ);

০৩। জনাব এস. এম. সানজাদ লুমেন (পরিচিতি নং-১-০১৮৩৪), নির্বাহী প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন এন্ড টেস্টিং কমিশনিং দপ্তর, বাবিউবো, ঢাকা; এবং

০৪। অফিস/মাস্টার কপি।

মোঃ মাহদুর রহমান

উপসচিব